



চট্টগ্রামে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণ, ১০ শ্রমিক দক্ষ



সংগৃহীত ছবি

চট্টগ্রামের চন্দনাইশে একটি গ্যাস সিলিন্ডারের দোকানে বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এতে মালিকসহ ১০ জন শ্রমিক দক্ষ হন। অগ্নিকাণ্ডের সূত্রপাত এক শ্রমিকের সিগারেটের আগুন থেকে হয়েছে।

বুধবার (১৭ সেপ্টেম্বর) সকাল ৮টার দিকে চন্দনাইশের বৈলতলি ইউনুস মার্কেটের মাহবুবুর রহমানের গ্যাস সিলিন্ডারের দোকানে বিস্ফোরণ ঘটে। চন্দনাইশ ফায়ার স্টেশনের তথ্য অনুযায়ী, সিলিন্ডার আনলোড করার সময় এক শ্রমিক সিগারেট খেলে হঠাৎ আগুন ধরে বিস্ফোরণ ঘটে।

দক্ষদের মধ্যে রয়েছে দোকান মালিক মাহবুবুর রহমান (৪৫) এবং শ্রমিকরা—মো. সৌরভ রহমান (২৫), মোহাম্মদ কফিল (২২), মোহাম্মদ রিয়াজ (১৭), মোহাম্মদ ইউনুস (২৬), মোহাম্মদ আকিব (১৭), মো. হারুন (২৯), মোহাম্মদ ইদ্রিস (৩০), মোহাম্মদ লিটন (২৮) ও মোহাম্মদ ছালে (৩৩)।

চট্টগ্রাম মেডিকেল কলেজ পুলিশ ফাঁড়ির ইনচার্জ মোহাম্মদ আলাউদ্দিন জানান, দক্ষদের উদ্ধার করে জরুরি বিভাগে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাদের ৩৬ নম্বর বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইউনিটে ভর্তি করেছেন। বর্তমানে তাদের চিকিৎসা চলছে।